



অধ্যক্ষের কার্যালয়
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
www.ngdc.ac.bd
e-mail: ngdcrajbd@yahoo.com
ফোন: ০২৫৮৮৮৫০৬৩০



তারিখ : ৩১ শ্রাবণ, ১৪৩০বঙ্গাব্দ
১৫ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

‘জাতীয় শোক দিবস’ ২০২৩ উপলক্ষ্যে নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহীতে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান

অদ্য ১৫/০৮/২০২৩ খ্রি. তারিখ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার মাধ্যমে বাংলাদেশের মহান স্বপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৮ তম শাহাদত বার্ষিকী এবং জাতীয় শোকদিবস ২০২৩ যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের কর্মসূচি আরম্ভ হয়। সকাল ৯:০০টায় শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ও ১০:০০টায় সিএন্ডবি মোড়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

সকাল ১০:৩০মিনিটে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত রক্তদান কর্মসূচির উদ্বোধন করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর কালাচাঁদ শীল। সকাল ১০:৪০মিনিটে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও পবিত্র শ্রীমদ্ভগবদ গীতা থেকে পাঠের পর শহিদদের স্মরণে ০১ (এক) মিনিট নিরবতা পালনের পর কলেজ অডিটোরিয়ামে শোক দিবসের ওপরে আলোচনা সভা আরম্ভ হয়। আলোচনা অনুষ্ঠানের শুরুতে জাতীয় শোকদিবস- ২০২৩ পালন কমিটির আহ্বায়ক হিসেবে স্বাগত বক্তব্য রাখেন বাংলা বিভাগের অধ্যাপক মোঃ শহিদুল ইসলাম।

অনুষ্ঠানের সভাপতি ও এ কলেজের অধ্যক্ষ তাঁর বক্তব্যে বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে বঙ্গবন্ধুর সাহসী ও বুদ্ধিদীপ্ত জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন এবং বঙ্গবন্ধুর চেতনা ও স্বপ্নকে ধারণ করে স্বপ্নের সোনার বাংলা তথা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বর্তমান প্রজন্মের প্রতি দিকনির্দেশনা প্রদান করেন। এছাড়াও বঙ্গবন্ধুর জীবনের বিভিন্ন দিক নিয়ে বক্তব্য প্রদান করেন উপাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ অলীউল আলম, শিক্ষক পরিষদের সম্পাদক, হিসাববিজ্ঞান বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান জনাব মোঃ মতিউর রহমান। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ ইব্রাহিম হোসেন ‘১৫ আগস্ট: বাংলার ইতিহাসে কলঙ্কিত একটি অধ্যায়’ শীর্ষক প্রবন্ধ পাঠ করেন এবং এর উপর আলোচনা করেন ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. শাহাদাত হোসেন সরকার। সবশেষে বঙ্গবন্ধু, তাঁর পরিবারবর্গ ও মুক্তিযুদ্ধে সকল শহিদদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে দোয়া পরিচালনা করেন ড. মোঃ আব্দুল মালেক, সহযোগী অধ্যাপক অর্থনীতি বিভাগ।

প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

বার্তা প্রেরক

Abaleh 15.08.2023
ড. মোঃ আব্দুল মালেক

সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী